নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তি

জাতিসংঘ সাধারণ পরিষদ

২০০৫

06/19/18 তারিখে উইকিসংকলন থেকে রপ্তানিকৃত

নারীর
রাজনৈতিক অধিকার
বিষয়ক চুক্তি

জাতিসংঘ তথ্য কেন্দ্র, ঢাকা

নারীর

রাজনৈতিক অধিকার

বিষয়ক চুক্তি

জাতিসংঘ তথ্য কেন্দ্র, ঢাকা।

নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তি
Convention on the Political Rights of Women

পৰ্কাশক: জাতিসংঘ তথ্য কেন্দ্র
ঢাকা, বাংলাদেশ
Published by: UN Information Centre
Dhaka, Bangladesh
প্রকাশকাল: নভেম্বর ২০০৫
Published in: November 2005
unic/pub/2005/04/1500
প্রচ্ছদ: নাসিমুল করিম
Cover Design: Nasimul Karim
সম্পাদনা উপদেষ্টা: প্রফেসর নূরুল মোমেন
Editorial Advice: Prof. Nurul Momen
নির্বাহী সম্পাদক: কাজী আলী রেজা
Executive Editor: Kazi Ali Reza

নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক আন্তর্জাতিক কনভেনশন-১৯৫২

১৯৫২ সালের ২০শে ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত সিদ্ধান্ত

৬৪০ (৭) মোতাবেক স্বাক্ষরদান ও অনুসমর্থনের জন্য উন্মুক্ত

কনভেনশনের ধারা ৬ অনুসারে কার্যকর হওয়ার তারিখ: ৭ই জুলাই ১৯৫৪

কনভেনশনের পক্ষসমূহ,

এ রকম ইচ্ছা পোষণ করে যে জাতিসংঘ সনদে উল্লিখিত নারী ও পুরুষের সমতার নীতিমালা বাস্তবায়ন করবে,

এরূপ স্বীকার করে যে, স্বাধীনভাবে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকেরই তার দেশের সরকারে অংশগ্রহণ ও সরকারি চাকরিতে সমান সুযোগ লাভের অধিকার রয়েছে,

এবং এ রকম আগ্রহী হয়ে যে, জাতিসংঘ সনদ ও সর্বজনীন মানবাধিকার ঘোষণা অনুযায়ী রাজনৈতিক অধিকার ভোগ ও প্রয়োগের ক্ষেত্রে নারী ও পুরুষের অবস্থানের সমতা বিধান করবে,

এতদুদ্দেশ্যে একটি কনভেনশন সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করে এবং এতদ্বারা যা অতঃপর উল্লেখ করা হচ্ছে তাতে সম্মত হচ্ছে:

ধারা ১

কোন ধরনের বৈষম্য ছাড়া পুরুষের সাথে সমভাবে নারীদের সকল নির্বাচনে ভোট দেওয়ার অধিকার থাকবে।

ধারা ২

কোন ধরনের বৈষম্য ছাড়া নারীরা পুরুষের সাথে সমভাবে জাতীয় আইনের বলে প্রতিষ্ঠিত জনপ্রতিনিধিত্বমূলক সংস্থাসমূহের যোগ্য বলে বিবেচিত হবে।

ধারা ৩

কোন রকম বৈষম্য ছাড়া পুরুষদের সাথে সমভাবে জাতীয় আইনের বলে প্রতিষ্ঠিত সরকারি পদে অধিষ্ঠিত হওয়া এবং সকল সরকারি কর্মাদি সম্পাদনের জন্য নারীদের অধিকার থাকবে।

ধারা ৪

৪.১ এই কনভেনশন জাতিসংঘের যে-কোন সদস্যরাষ্ট্র এবং সাধারণ পরিষদের দ্বারা আমন্ত্রণপ্রাপ্ত যে-কোন রাষ্ট্রের পক্ষ থেকে স্বাক্ষরদানের জন্য

উন্মুক্ত থাকবে।

৪.২ এই কনভেনশন অনুসমর্থিত হতে হবে এবং অনুসমর্থনের দলিলাদি জাতিসংঘের মহাসচিবের নিকট গচ্ছিত থাকবে।

ধারা ৫

৫.১ এই কনভেনশনের ধারা ৪.১-এ উল্লিখিত সকল রাষ্ট্রের যোগদানের জন্য উন্মুক্ত থাকবে।

৫.২ জাতিসংঘের মহাসচিবের নিকট যোগদানের দলিল জমা দেওয়ার দ্বারা কনভেনশনে যোগদান কার্যকর হবে।

ধারা ৬

৬.১ অনুসমর্থন বা কনভেনশনে যোগদানের ষষ্ঠ দলিল জমাদানের পর ৯০তম দিনে তা কার্যকর হবে।

৬.২ অনুসমর্থন বা যোগদানের যষ্ঠ দলিল জমাদানের পর এই কনভেনশনে অনুসমর্থন বা যোগদানকারী প্রতিটি রাষ্ট্র দলিল পেশ করার পর ৯০তম দিনে কনভেনশনটি কার্যকর হবে।

ধারা ৭

স্বাক্ষরদান, অনুসমর্থন বা যোগদানের সময় এই কনভেনশনে কোন ধারার ব্যাপারে কোন রাষ্ট্র আপত্তি পেশ করলে জাতিসংঘের মহাসচির সেই আপত্তির বিষয়বস্তু কনভেনশনের পক্ষ বা পক্ষ হতে পারে এমন রাষ্ট্রসমূহকে অবহিত করবেন। এই আপত্তি কোন রাষ্ট্র গ্রহণ না করলে অবহিত হওয়ার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে (বা এর এই কনভেনশনে একটি পক্ষ হওয়ার তারিখে) জাতিসংঘের মহাসচিবকে জানাতে পারে যে আপত্তিটি গ্রহণযোগ্য নয়। সে ক্ষেত্রে এরূপ রাষ্ট্র এবং আপত্তি উত্থাপনকারী রাষ্ট্রের মধ্যে

কনভেনশন কার্যকর হবে না।

ধারা ৮

৮.১ যে-কোন রাষ্ট্র জাতিসংঘের মহাসচিবের নিকট এই কনভেনশন বাতিল করার জন্য লিখিত বিজ্ঞপ্তি পেশ করতে পারে। মহাসচিব কর্তৃক বিজ্ঞপ্তি গৃহীত হওয়ার এক বছর পর থেকে তা কার্যকর হবে।

৮.২ এই কনভেনশন বাতিল করার জন্য বিজ্ঞপ্তি পেশের পর যে তারিখে এর পক্ষে সদস্য সংখ্যা ছয়-এর নিচে নেমে আসবে সেই তারিখ থেকে এর কার্যকারিতা বিলুপ্ত হবে।

ধারা ৯

এই কনভেনশনের দুই বা ততোধিক রাষ্ট্রপক্ষের মধ্যে এর ব্যাখ্যা বা প্রয়োগ সংক্রান্ত কোন বিবাদ দেখা দিলে এবং তা আলোচনার মাধ্যমে নিষ্পত্তি না হলে বা অন্য কোনভাবে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলে সম্মত না হলে বিষয়টি যে কোন একটি বিবদমান পক্ষের অনুরোধে সিদ্ধান্তের জন্য আন্তর্জাতিক বিচার আদালতে পাঠাতে হবে।

ধারা ১০

জাতিসংঘের মহাসচিব এই কনভেনশনের ধারা ৪.১-এর প্রত্যাশা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলো সকল সদস্যরাষ্ট্র এবং অ-সদস্যরাষ্ট্রকে অবহিত করবেন:

(ক) ধারা ৪ অনুযায়ী গৃহীত স্বাক্ষরদান এবং অনুসমর্থনের দলিল;
(খ) ধারা ৫ অনুযায়ী যোগদানের গৃহীত দলিল;
(গ) ধারা ৬ অনুযায়ী এই কনভেনশন কার্যকর হওয়ার তারিখ;
(ঘ) ধারা ৭ অনুযায়ী গৃহীত চিঠিপত্র এবং বিজ্ঞপ্তিসমূহ;
(ঙ) ধারা ৮.১ অনুযায়ী এই কনভেনশন বাতিলের বিজ্ঞপ্তি;

(চ) ধারা ৮.২ অনুসারে এই কনভেনশন বাতিলের ঘোষণা।

ধারা ১১

১১.১ বর্তমান কনভেনশনের চীনা, ইংরেজি, ফরাসি, রুশ এবং স্পেনীয় ভাষার পাঠ সমভাবে প্রমাণসিদ্ধ এবং তা জাতিসংঘের সেরেস্তায় গচ্ছিত রাখতে হবে।

১১.২ জাতিসংঘের মহাসচিব বর্তমান কনভেনশন সত্যায়িত প্রতিলিপি ধারা ৪.১-এর প্রত্যাশা অনুযায়ী সকল সদস্যরাষ্ট্র এবং অ-সদস্যরাষ্ট্রের নিকট প্রেরণ করবেন।

*   *   *

এই লেখাটি জাতিসংঘের প্রাতিষ্ঠানিক নথি থেকে গ্রহণ করা হয়েছে। জাতিসংঘ প্রকাশনার সম্ভাব্য চিন্তাভাবনা যতদূর সম্ভব ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে এই সংস্থা তাদের বেশির ভাগ নথি পাবলিক ডোমেইনে সকলের জন্য মুক্ত রেখেছে।

জাতিসংঘের প্রশাসনিক দিগ্‌নির্দেশনা (ইংরেজি) অনুসারে, নিম্নলিখিত নথিগুলি সারা বিশ্বব্যাপী পাবলিক ডোমেইনে মুক্ত:

1. প্রাতিষ্ঠানিক রেকর্ড (সম্মেলনের কার্যবিবরণী, আক্ষরিক ও সারসংক্ষেপ, ...)
2. জতিসংঘের চিহ্নযুক্ত জাতিসংঘের নথি
3. জাতিসংঘের কার্যাবলী সম্বন্ধে জনগণকে অবহিত করার প্রাথমিক উদ্দেশ্যে তৈরি তথ্য উপাদান (বিক্রয়ের জন্য প্রযোজ্য তথ্য উপাদান নয়)।

এই ডিজিটাল সংস্করণ সম্পর্কে

এই ই-বই অনলাইন গ্রন্থাগার উইকিসংকলন[১] হতে প্রাপ্ত। স্বেচ্ছাসেবীদের দ্বারা নির্মিত এই বহুভাষী ডিজিটাল গ্রন্থাগার উপন্যাস, কবিতা, পত্র-পত্রিকা ইত্যাদি সমস্ত ধরণের প্রকাশনার মুক্ত সংকলন গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ।

আমরা কপিরাইটমুক্ত অথবা মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত বইগুলিকে বিনামূল্যে প্রদান করে থাকি। আপনি আমাদের ই-বইগুলিকে ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক ৩.০ আনপোর্টেড লাইসেন্স[২] বা জিএনইউ ফ্রি ডকুমেন্টশন লাইসেন্সের[৩] শর্তাধীনে বাণিজ্যিক উদ্দেশ্য সহ যে কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারেন।

উইকিসংকলন সর্বদা নতুন সদস্যদের জন্য উন্মুক্ত। এই ই-বইয়ে কিছু ভুল ভ্রান্তি থেকে যাওয়া সম্ভব, সেক্ষেত্রে আপনি এই পাতায় জানাতে পারেন[৪]।

নিম্নে তালিকাভুক্ত ব্যবহারকারীরা এই ই-বইয়ে অবদান রেখেছেন:

- Mahir256
- XcepticZP
- Bodhisattwa
- Aftabuzzaman

---

1. ↑ https://bn.wikisource.org
2. ↑ https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn

3. ↑ http://www.gnu.org/copyleft/fdl.html
4. ↑ https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা